বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০ ।
অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ

ফোনঃ ৯৫৫০৫০৫
পিএবিএক্সঃ ৯৫৬০০২১-২৫
৯৫৬০০৩১-৩৫/২২৯
email:dgmicd@krishibank.org.bd

প্রকাঃঅনিবি-প্রশা-৪৮/২০১৮-২০১৯/৬৪৮(৬৮)

তারিখঃ ১০/০১/২০১৯

সকল বিভাগীয়/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
বাংলাদেশ কৃষি ব্যাংক
সকল বিভাগীয়/আঞ্চলিক নিরীক্ষ কার্যালয় সমূহ।

বিষয়ঃ ত্রৈমাসিক অপারেশনস রিপোর্ট (DCFCL) এর সঠিকতা ২৪ অনুচ্ছেদে যাচাই প্রসংগে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে অত্র বিভাগের ১২/০৩/২০১৮ তারিখের পত্র নং প্রকা/অনিবি-৪৮/২০১৮-২০১৯/৯৪৬(৬৩) এর প্রতি দৃষ্টি আকর্ষণ করছি।

০২। বর্ণিত পত্রের মাধ্যমে কর্পোরেট শাখাসহ সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগনকে স্ব-স্ব অঞ্চলাধীন শাখাসমূহের মার্চ/১৮ ত্রৈমাস হতে ত্রৈমাসিক অপারেশনস রিপোর্ট(DCFCL) ১৬ অনুচ্ছেদের পরিবর্তে ২৪ অনুচ্ছেদে (কপি সংযুক্ত) নতুন ফরমেটে প্রেরণের নির্দেশনা দেয়া সত্ত্বেও কতিপয় অঞ্চলের কোন কোন শাখার প্রতিবেদন পুরানো ফরমেটে প্রেরণ করায় অত্র বিভাগ হতে উক্ত প্রতিবেদন যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় নিরীক্ষা/আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, বিভাগীয় নিরীক্ষা/আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমুহকে কোন শাখার প্রতিবেদন যাচাইয়ের পূর্বে মার্চ/২০১৮ হতে ২৪ অনুচ্ছেদে প্রেরিত না হয়ে থাকলে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগকে অবহিত করণের জন্য অনুরোধ করা হলো, যাতে করে শাখা হতে নতুন ফরমেট(২৪ অনুচ্ছেদে) প্রতিবেদন সংগ্রহপূর্বক যাচাইয়ের জন্য আপনাদের কার্যালয়ে প্রেরণ করা যায়। পরবর্তীতে প্রতিবেদন প্রাপ্তির পর অনুচ্ছেদওয়ারী যাচাই প্রতিবেদন স্বল্পতম সময়ের মধ্যে অত্র বিভাগে প্রেরণের জন্য আপনাদেরকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত,

১০/১/২০১৯
(লুৎফুন নাহার নাজ)
উপ-মহাব্যবস্থাপক

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, নিরীক্ষা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ মহাবিভাগ বিকেবি,প্রকা, ঢাকা।
২। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, সকল বিভাগীয় কার্যালয়।
৩। উপ-মহাব্যবস্থাপক,প্রত্যবেক্ষন ও নিরীক্ষা বিভাগ-১/২, বিকেবি, প্রকা, ঢাকা।
৪। উপ-মহা-ব্যবস্থাপক ,আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে পত্রখানা ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
৫। নথি/মহানথি।

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।
অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ

ফোনঃ৯৫৫০৫৫৪
পিএবিএক্সঃ৯৫৬০০২১-২৫
৯৫৬০০৩১-৩৫/২২৯
email:dgmicd@krishibank.org.bd

প্রকাঃঅনিবি-৪৮/২০১৭-২০১৮/৭১৪৬(৫৩)    তারিখঃ ১২-০৩-২০১৮

মহাব্যবস্থাপক
স্থানীয় মুখ্য কার্যালয়
উপমহাব্যবস্থাপক
সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ বাংলাদেশ কৃষি ব্যাংক প্রধান কার্যালয়ের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালনের ০৫-০৩-২০১৮ তারিখে অনুষ্ঠিত ২৬ তম সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ কৃষি ব্যাংক প্রধান কার্যালয়ের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন(আইসিসি)এর ০৫-০৩-২০১৮ তারিখে অনুষ্ঠিত ২৬ তম সভায় ত্রৈমাসিক অপারেশনস্ রিপোর্ট(কিসিএফসিএল) সংক্রান্ত বিষয়ে নিম্ন লিখিত সিদ্ধান্ত গৃহিত হয়।

"বাংলাদেশ ব্যাংক এর ০৮-০৩-২০১৬ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার নম্বর-৩ মূলে "GUIDELINES ON INTERNAL CONTROL & COMPLIANCE IN BANKS" অনুযায়ী অত্র ব্যাংকের ২৮-০৬-২০১৭ তারিখের প্রশাসন (এমপিডি) পরিপত্র নং ১২/২০১৭ অনুযায়ী অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়েল-২০১৭ জারী করা হয়েছে। উল্লেখিত ম্যানুয়েল এর পরিশিষ্ট -৫(পৃঃনং ৬৪-৬৮) এ পরিবর্তিত ত্রৈমাসিক অপারেশন রিপোর্ট (Quarterly Operation Report) সংযুক্ত করা হয়েছে। ইতো পূর্বের উক্ত প্রতিবেদনে অনুচ্ছেদ সংখ্যা ছিল ১৬টি, কিন্তু নতুন প্রতিবেদনে ০৮টি অনুচ্ছেদ সংযোজন হওয়ায় মোট অনুচ্ছেদের সংখ্যা দাঁড়িয়েছে ২৪, যে প্রেক্ষিতে Manpower Planning and Development বিভাগ ১৮-০২-২০১৮ তারিখের পত্র নং প্রকা/এমপিডি-৭১/২০১৭-২০১৮/১৭৬(৫৮) মূলে সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণের বর্ণিত অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়েল-২০১৭ প্রধান কার্যালয়ের procurement বিভাগের কেন্দ্রীয় গুদাম হতে সংগ্রহ করার জন্য অনুরোধ জানিয়েছে"।

০২। এমতাবস্থায়, পূর্বের ১৬ অনুচ্ছেদ বাতিল করে নতুন ম্যানুয়েল অনুযায়ী আগামী মার্চ/২০১৮ ত্রৈমাসিক হতে ২৪ অনুচ্ছেদ অনুযায়ী ত্রৈমাসিক অপারেশনস্ রিপোর্ট(কিসিএফসিএল) প্রেরণের জন্য অনুরোধ করা হলো(২৪ অনুচ্ছেদ অনুযায়ী ত্রৈমাসিক অপারেশনস্ রিপোর্ট এর নমুনা কপি এতদসংগে সংযুক্ত করা হলো)।

অনুমোদন ক্রমে-

আপনার বিশ্বস্ত
১২/০৩/২০১৮
( মুনমুন নাহার [illegible])
উপ-মহাব্যবস্থাপক

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ
১। স্টাফ অফিসার, মহা-ব্যবস্থাপক মহোদয়ের দপ্তর,নিরীক্ষা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ মহাবিভাগ, বিকেবি,প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার, সকল মহা-ব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, সকল বিভাগীয় কার্যালয়।
৩। উপ-মহাব্যবস্থাপক,প্রত্যাবেক্ষণ ও নিরীক্ষণ বিভাগ-১/২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। উপ-মহাব্যবস্থাপক ,আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে পত্রখানা ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৫। নথি/মহানথি।